গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-২৯৭ তারিখঃ ০১-০৮-২০১৬

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৬-০৭-২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৩-০৮-২০১৬ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৮/১৬

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মুহাম্মদ চিশতী আশেক)
সহকারী প্রধান
ফোন- ৯৫৭৪৪১০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি), শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
০৯। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১০। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। উপ-সচিব (প্রশাসন),বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৬-০৭-২০১৬ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থার প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৫৪৭৬.২১ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭১৭৭.৫০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৮২৯৮.৭১ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে জুন, ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৫৫১৪.৭২ কোটি টাকা যা মোট বরাদ্দের ১০০.২৫%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৮৪৩১.০৯ কোটি টাকা এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৭০৮৩.৬৪ কোটি টাকা। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাভুক্ত প্রকল্পসমূহের ২০১৪-১৫ অর্থ বছরের এডিপি বাস্তবায়ন অগ্রগতি ছিল ১০০.৬৫%।

২.২ সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগে চলমান মোট ৮২টি প্রকল্পের মধ্যে ১৩টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য। তন্মধ্যে ৫টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে কোনো বরাদ্দ নেই, ১টি প্রকল্প জুন ২০১৫ এ সমাপ্ত হয়েছে এবং একটি প্রকল্প স্থগিত করা হয়েছে। অর্থাৎ ৬টি প্রকল্পে বরাদ্দ থাকা সত্ত্বেও শূণ্য অগ্রগতি হয়েছে। ১৩টি প্রকল্পের অগ্রগতি ৯৫% এর নিচে এবং ৫৬টি প্রকল্পের অগ্রগতি ৯৫% এর বেশি যার মধ্যে ৩১টি প্রকল্পের অগ্রগতি ১০০% বা ততোধিক।

২.৩ সভায় আরো জানানো হয় যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থার প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৬০৪০.০৯ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৬৭৪৪.০৯ কোটি, প্রকল্প-সাহায্য ৬২৯৬.০০ কোটি এবং ইসিএ অর্থায়ন ৩০০০.০০ কোটি টাকা। এছাড়া নিজস্ব অর্থায়নে ২৯টি প্রকল্প এডিপি-তে অর্ন্তভুক্ত আছে এবং এ জন্য বরাদ্দ রয়েছে মোট ৩০৮৬.৬৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থ বছরের মোট এডিপি বরাদ্দ ১৯১২৬.৭২ কোটি (জিওবি ৬৭৪৪.০৯ কোটি + পিএ ৬২৯৬ কোটি + ইসিএ ৩০০০ কোটি + নিজস্ব অর্থায়ন ৩০৮৬.৬৩ কোটি) টাকা। সভায় অবহিত করা হয় যে, প্রাপ্ত এডিপি বরাদ্দ প্রকৃত চাহিদার তুলনায় ৪৫০০ কোটি টাকা কম।

২.৩ সভাপতি এডিপি বরাদ্দের শতভাগ বাস্তবায়ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং এজন্য সংশ্লিষ্ট সকল-কে অভিনন্দন জানান। । তিনি ২০১৬-১৭ অর্থ বছরেও এডিপি বাস্তবায়নের এ ধারা অব্যাহত রাখার জন্য নিরলস প্রচেষ্টা রাখার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।

২.৪ আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দ প্রয়োজনীয় চাহিদার তুলনায় ৪৫০০ কোটি টাকা কম। এ প্রেক্ষিতে সকল প্রকল্পের এডিপি বরাদ্দের সমুদয় অর্থ ডিসেম্বর ২০১৬ মাসের মধ্যে ব্যয় করে প্রয়োজনে অতিরিক্ত অর্থের দাবি পেশ করতে হবে। তিনি আরো বলেন যে, যেসব প্রকল্পের অর্থ ডিসেম্বর ২০১৬ মাসের মধ্যে ব্যয় করা সম্ভব হবেনা সেসব প্রকল্প থেকে অব্যয়িত অর্থ যেসব প্রকল্প ব্যয় করতে পারবে তাদের অনুকূলে বরাদ্দ দেয়া হবে।

চলমান পাতা # ২

২.৫ সভায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দে অর্থ ব্যয়ের জন্য ৩টি ক্যাটাগরির প্রকল্পের জন্য ৩টি ভিন্ন লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। উপস্থাপিত লক্ষ্যমাত্রা অনুসারে (ক) সম্পূর্ণ জিওবি অর্থায়নে চলমান প্রকল্পের এডিপি বরাদ্দের অর্থ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে (খ)জিওবি ও প্রকল্প সাহায্যে বাস্তবায়নাধীন চলমান প্রকল্পের এডিপি বরাদ্দ ফেব্রুয়ারি ২০১৭ এর মধ্যে এবং (গ) নতুন প্রকল্পের এডিপি বরাদ্দ এপ্রিল ২০১৭ এর মধ্যে সম্পূর্ণভাবে ব্যয় করতে হবে। প্রকল্পসমূহের মাসভিত্তিক আর্থিক লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-'খ' তে দ্রষ্টব্য। প্রকল্পসমূহের ২০১৬-১৭ অর্থ বছরের আর্থিক লক্ষ্যমাত্রার বিষয় বিস্তারিত পর্যালোচনান্তে তা অনুমোদনের সুপারিশ করা হয় এবং উক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে একটি পরিপত্র জারি করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	২০১৬-১৭ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপিত লক্ষ্যমাত্রা অনুমোদন করা হলো। উক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে বিদ্যুৎ বিভাগ হতে একটি পরিপত্র জারি করতে হবে।	পরিকল্পনা উইং বিদ্যুৎ বিভাগ
৩.২	২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত সকল প্রকল্পের অর্থ ছাড়ের প্রস্তাব ২০-০৭-২০১৬ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। একই সাথে প্রকল্পের ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনাও দাখিল করতে হবে।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.৩	প্রকল্প পরিচালকগণ প্রতি ৩ মাস অন্তর প্রকল্পের Performance Report প্রস্তুত করে বিদ্যুৎ বিভাগে দাখিল করবেন। প্রকল্প পরিচালকগণের নিকট থেকে উক্ত Performance Report পাওয়ার পর তা সচিব ও প্রতিমন্ত্রী মহোদয় সমীপে উপস্থাপন করতে হবে।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক বিদ্যুৎ বিভাগ পরিকল্পনা উইং
৩.৪	অগ্রাধিকারপূর্ণ বিদ্যুৎ সঞ্চালন প্রকল্পসমূহ এবং প্রি-পেমেন্ট মিটার সম্পর্কিত প্রকল্পসমূহ আলাদাভাবে পরিবীক্ষণের আওতায় আনতে হবে এবং এসব প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য বিদ্যুৎ বিভাগে প্রতিমাসে আলাদা সভার আয়োজন করতে হবে।	বিদ্যুৎ বিভাগ উন্নয়ন অনুবিভাগ ও পরিকল্পনা উইং
৩.৫	বিভিন্ন বিতরণ সংস্থার আওতায় ট্রান্সফরমার ক্রয়ের জন্য নতুনভাবে প্রস্তুতকৃত স্পেসিফিকেশনের বিষয়ে উচ্চ আদালতে দাখিলকৃত মামলা নিষ্পত্তির জন্য আরইবি ও ডিপিডিসি কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।	আরইবি ও ডিপিডিসি
৩.৬	এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংস্থা প্রধান পর্যায়ে নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে।	সকল সংস্থা

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী

২০১৬-১৭ অর্থ বছরে এডিপিভুক্ত প্রকল্পের আর্থিক লক্ষমাত্রা নির্ধারণ

ক. চলমান প্রকল্পের জন্যঃ

ক.১ সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প

ক্রম	মাস	আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা	ক্রমপুঞ্জিত আর্থিক লক্ষ্যমাত্রা
১	জুলাই, ২০১৬	১০%	১০%
২	আগস্ট, ২০১৬	১০%	২০%
৩	সেপ্টেম্বর, ২০১৬	২০%	৪০%
৪	অক্টোবর, ২০১৬	২০%	৬০%
৫	নভেম্বর, ২০১৬	২০%	৮০%
৬	ডিসেম্বর, ২০১৬	২০%	১০০%
৭	জানুয়ারি, ২০১৭		
৮	ফেব্রুয়ারি, ২০১৭		
৯	মার্চ , ২০১৭		
১০	এপ্রিল, ২০১৭		
১১	মে, ২০১৭		
১২	জুন, ২০১৭		

ক.২ জিওবি ও প্রকল্প সাহায্যে বাস্তবায়নাধীন প্রকল্প

ক্রম	মাস	আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা	ক্রমপুঞ্জিত আর্থিক লক্ষ্যমাত্রা
১	জুলাই, ২০১৬	১০%	১০%
২	আগস্ট, ২০১৬	১০%	২০%
৩	সেপ্টেম্বর, ২০১৬	১০%	৩০%
৪	অক্টোবর, ২০১৬	১০%	৪০%
৫	নভেম্বর, ২০১৬	১৫%	৫৫%
৬	ডিসেম্বর, ২০১৬	১৫%	৭০%
৭	জানুয়ারি, ২০১৭	১৫%	৮৫%
৮	ফেব্রুয়ারি, ২০১৭	১৫%	১০০%
৯	মার্চ , ২০১৭		
১০	এপ্রিল, ২০১৭		
১১	মে, ২০১৭		
১২	জুন, ২০১৭		

চলামন পাতা-২

২০১৬-১৭ অর্থ বছরে এডিপিভুক্ত প্রকল্পের আর্থিক লক্ষমাত্রা নির্ধারণ

খ. নতুন অনুমোদিত প্রকল্পের জন্যঃ

ক্রম	মাস	আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা	ক্রমপুঞ্জিত আর্থিক লক্ষ্যমাত্রা
১	জুলাই, ২০১৬	৫%	৫%
২	আগস্ট, ২০১৬	৫%	১০%
৩	সেপ্টেম্বর, ২০১৬	১০%	২০%
৪	অক্টোবর, ২০১৬	১০%	৩০%
৫	নভেম্বর, ২০১৬	১০%	৪০%
৬	ডিসেম্বর, ২০১৬	১০%	৫০%
৭	জানুয়ারি, ২০১৭	১০%	৬০%
৮	ফেব্রুয়ারি, ২০১৭	১০%	৭০%
৯	মার্চ , ২০১৭	১০%	৮০%
১০	এপ্রিল, ২০১৭	২০%	১০০%
১১	মে, ২০১৭		
১২	জুন, ২০১৭		

* তবে এডিপি-তে অন্তর্ভুক্ত যেসব প্রকল্পের জন্য অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে সেসব প্রকল্পের আর্থিক অগ্রগতি লক্ষ্যমাত্রা ক-১ এর অনুরূপ হবে।